

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
 নগর উন্নয়ন অধিদপ্তর
 ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল
 www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৩৬

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৮

২৩ মে ২০২১

বিষয়: “গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলো প্রশস্তকরণসহ নর্দমা ও ফুটপাথ নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় ১১ টি উপ-প্রকল্পের মাধ্যমে ০৭ টি রাস্তা প্রশস্তকরণসহ রাস্তার কাজ বাস্তবায়নের জন্য ৩৮ টি মৌজায় সর্বমোট ১৭৩.৪৭৭৪ একর ভূমি অধিগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- ৪৬.১৯.০০০০.১৮.০২২-১৯/১৪৭১ তারিখঃ ০৪/০১/২০২১ খ্রি.

স্মারক নং- ৪৬.১৯.০০০০.১৮.০২২-১৯/১৮৬২ তারিখঃ ১৪/০২/২০২১ খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন “গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলো প্রশস্তকরণসহ নর্দমা ও ফুটপাথ নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় ১১ টি উপ-প্রকল্পের মাধ্যমে ০৭ টি রাস্তা প্রশস্তকরণসহ রাস্তার কাজ বাস্তবায়নের জন্য ৩৮ টি মৌজায় সর্বমোট ১৭৩.৪৭৭৪ একর ভূমি অধিগ্রহণের অনাপত্তি পত্রের জন্য আবেদন করেছে। আবেদনকৃত জমির মৌজাভিত্তিক তফসিল নিম্নরূপঃ

ক্র. নং	উপ-প্রকল্পের নাম	মৌজার নাম	জেএল নং	প্রস্তাবিত জমির পরিমাণ (একর)	মোট জমির পরিমাণ (একর)
	সুগিতলা বাজার হতে তিন সড়ক হয়ে ঢাকা বাইপাস পর্যন্ত রাস্তা প্রশস্তকরণ ও বিসি/আরসিসি দ্বারা উন্নয়ন এবং উভয় পার্শ্বে ডেন নির্মাণ।	চান্দনা	৪৪	৭.০৯৯১	১২.৬১৬৯
		যোগীতলা	৫৩	৪.১০৭৫	
		জাব্বার	১০	১.৪১০৩	
	ক্রানাইয়া থেকে নীলেরপাড়া-পেয়ারা বাগান-ধীরাশ্রম রাস্তা, সুগিতলা বাজার পর্যন্ত রাস্তা প্রশস্ত করণ ও বিসি/আরসিসি দ্বারা উন্নয়ন।	কানাইয়া	৬৭	৬.১০১০	২৭.৫০৮৮
		বালুচাকুলী	৫৬	০.০৫৯০	
		নীলেরপাড়া	৬৫	৭.৬১০৩	
		আদাবৈ	৬৪	৫.১৮৭০	
		ভাড়ারুল	৭৪	০.৫২২৮	
		তরংপাড়া	৫৫	৪.০৯৯৫	
		ধীরাশ্রম	৭৫	০.৮৪৮৯	
		সরপারা	৫৪	১.৫৬৬৪	
		যোগীতলা	৫৩	১.৫১৩৮	
	সালনা বাজার থেকে দেশীপাড়া হয়ে বিলাসপুর বটতলা পর্যন্ত (বিআইডিসি রাস্তা সংযোগ) রাস্তা প্রশস্ত করণ ও বিসি/আরসিসি দ্বারা উন্নয়ন এবং উভয় পার্শ্বে ডেন নির্মাণ।	জয়দেবপুর	৫৮	১.১৮৫০	১২.০২৮২
		মারিয়ালি	৪২	২.৭৬৪৩	
		দেশীপাড়া	২৯	২.৭১৪৫	
		সালনা	৩০	৫.৩৬৪৪	
	কাশিমপুর জিতার মোড় থেকে জিরানী বাজার পর্যন্ত রাস্তা প্রশস্ত করণ ও বিসি/আরসিসি রাস্তা উন্নয়ন এবং উভয় পাশের ডেন নির্মাণ।	কাশিমপুর	৫৭	২.৮৮৮৮	২৩.১৮৭২
		বারেন্ডা	৫৯	৪.৮৭৫৩	
		গোবিন্দবাড়ী	৬০	৪.৮২৩২	

	বড় ভবানিপুর	৩৫	৪.০২৪৩	
	দক্ষিণ পানিসাইল	৩৬	৪.৬৭৮৩	
	পশ্চিম পানিসাইল	৩৭	১.৫০৩৬	
	ডোমনাগ		০.৩৯৩৮	
ককশিমপুর বিআইডিসি থেকে শ্রীপুর বাস স্ট্যান্ড পর্যন্ত রাস্তা প্রশস্ত করণ ও বিসি/আরসিসি রাস্তা উন্নয়ন এবং উভয় পাশের ডেন নির্মাণ।	সুরাবাড়ী	৫৮	১.৮৫৩১	২০.১৩২৮
	ককশিমপুর	৫৭	০.৪৩৬	
	বারেন্ডা	৫৯	৫.৯৬২	
	গোবিন্দবাড়ী	৬০	৭.৩৩৭	
	গনকবাড়ী	৬২	৪.৫৪৪৪	
কোজাবাড়ী রুবেল ফিলিং স্টেশন থেকে বাঘিয়া হাই স্কুল হয়ে আহা কি রেল লাইন পর্যন্ত রাস্তা উন্নয়ন।	বাইমাইল	৫১	১.১৩৬০	১৩.৩৭৯৬
	বাঘিয়া	৫২	৭.১৫৫৮	
	জয়েরটেক	৫৫	৫.০৮৭৮	
ককানাবাড়ী আনজুম পাম্প থেকে হাতিমারা স্কুল পর্যন্ত রাস্তা প্রশস্ত করণ ও বিসি/আরসিসি রাস্তা উন্নয়ন এবং উভয় পাশের ডেন নির্মাণ।	মিরপুর	৫১	৪.৭১৬০	১৫.০৮৫৬
	গোবিন্দবাড়ী	৬০	৯.৭৪১৩	
	বারেন্ডা	৫৯	০.৬২৮৩	
করসিংহপুর থেকে দেওয়ানবাড়ী ব্রীজ পর্যন্ত রাস্তা প্রশস্ত করণ ও বিসি/আরসিসি রাস্তা উন্নয়ন এবং উভয় পাশের ডেন নির্মাণ।	সরুপাইতলি	৬৭	১.৫৫৪৫	১০.৬১০৯
	পশ্চিম সুলডুবি	৬৩	০.২৮৫২	
	পূর্ব বাগবাড়ি	৬৪	২.০৮০২	
	খনাইদ	৬৫	০.৭০৬৩	
	দয়াখালি	৭৪	৩.৬৮৩৯	
	পূর্ব নরসিংহপুর	৭৩	২.৩০০৮	
কদওয়ানবাড়ী ব্রীজ হতে জরুন লক্কু মার্কেট পর্যন্ত রাস্তা প্রশস্ত করণ ও বিসি/আরসিসি রাস্তা উন্নয়ন এবং উভয় পাশের ডেন নির্মাণ।	গবিন্দবাড়ী	৬০	১.৪৭৭৭	১৩.৩৩৩৯
	ককশিমপুর	৫৭	২.০৭৬৮	
	সুরাবাড়ী	৫৮	৯.৭৭৯৪	
কজরুন লক্কু মার্কেট থেকে ককানাবাড়ী বাস স্ট্যান্ড পর্যন্ত রাস্তা প্রশস্ত করণ ও বিসি/আরসিসি রাস্তা উন্নয়ন এবং উভয় পাশের ডেন নির্মাণ।	মিরপুর	৫১	৬.০২২৪	৬.০২২৪
ককানাবাড়ী বাস স্ট্যান্ড থেকে আমবাগ হয়ে সাকাশচর পর্যন্ত রাস্তা প্রশস্ত করণ ও বিসি/আরসিসি রাস্তা উন্নয়ন এবং উভয় পাশের ডেন নির্মাণ।	মিরপুর	৫১	১.১৭৪০	১৯.৫৭১২
	বাগিয়া	৫২	৭.৭৬৩৪	
	পূর্ব খোলাপাড়া	৫৫	০.৬৮০৪	
	বরাব	১৭৭	৩.০৯৬১	
	বেগমপুর	১৭৮	৪.২৩২১	
	সাকাশচর	৪০৯	২.৬২৫২	
সর্বমোট জমির পরিমাণ				১৭৩.৪৭৭৪
কথায়ঃ একশত তিয়াত্তর দশমিক চার সাত সাত চার একর।				

তদুপেক্ষিতে উক্ত এলাকার সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় প্রস্তাবিত সড়কগুলোর উভয় পাশে অনেক কাঁচা-পাকা স্থাপনা আছে যোগুলোর বেশীরভাগ আবাসিক এবং বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হয়। পাশাপাশি কিছু শিল্প কারখানা বিদ্যমান রয়েছে। রাস্তা প্রশস্তকরণের ফলে বিদ্যমান কাঁচা, সেমিপাকা ও পাকা বিভিন্ন তলা বিশিষ্ট আবাসিক ভবন, কাঁচা ও পাকা দোকানপাট, শিল্প কারখানা ও মার্কেটের কিছু অংশ ভাঙা পড়বে। এছাড়া বারেন্ডা মৌজায় ঈদগাহ মাঠের কিছু অংশ, সুরাবাড়ি ও বারেন্ডা মৌজায় প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর, মিরপুর ও গোবিন্দবাড়ি মৌজায় মসজিদের সীমানা প্রাচীরের কিছু অংশ এবং পূর্ব নরসিংহপুর মৌজায় মন্দির এর কিছু অংশ ভাঙা পড়বে। (পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তি-০২; Google Map, সংযুক্তি-০৩)।

RAJUK এর Detail Area Plan (DAP) পর্যালোচনা করে (Group-A, E) দেখা যায় আবেদনকৃত জমির মধ্যে পশ্চিম পানিশাইল, ডোমনাগ, বাইমাইল, বাঘিয়া, জয়েরটেক, মীরপুর, বাগিয়া, পূর্ব খোলাপাড়া, বরাব, বেগমপুর ও সাকাশচর মৌজার ৪৫.৫৮৬৬ একর জমি ডিএমডিপি তথা রাজউক এলাকার বাহিরে। রাজউক এলাকার অভ্যন্তরের জমির প্রস্তাবিত ভূমি ব্যবহার Agricultural Zone, Urban Residential Zone, Rural Settlement Zone, Institutional Zone, Flood Flow Zone এবং Proposed Road Network হিসেবে চিহ্নিত আছে (সংযুক্তিঃ৫)। রাজউক কর্তৃক ডিএমডিপি এলাকার অভ্যন্তরে অবস্থিত ১২৭.৮৯০৮ একর ভূমি অধিগ্রহণে জনস্বার্থে অনাপত্তি প্রদান করা হয়েছে (স্মারক নং- ২৫.৩৯.০০০০.০৩১.৩৬.০১৩,২১.৪, তারিখ-০১/০৫/২০২১ ইং)। উল্লেখ্য যে, Town Improvement Act, 1953 এর 75(1) ধারা অনুযায়ী “Permission for use of land Contrary to The Master Plan” এর ক্ষেত্রে রাজউক চেয়ারম্যানকে ক্ষমতা দেয়া আছে।

এমতাবস্থায়, গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন “গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলো প্রশস্তকরণসহ নর্দমা ও ফুটপাথ নির্মাণ” শীর্ষক প্রকল্পের জন্য প্রস্তাবিত দাগে সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন এবং জনস্বার্থে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত ১৭৩.৪৭৭৪ একর জমি অধিগ্রহণে নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।


শর্তাবলী

- (১) প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন, বিধি ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) "Town Improvement Act, 1953" এ প্রদত্ত ক্ষমতা বলে চেয়ারম্যান, রাজউক কর্তৃক DAP অনুমোদিত ভূমি ব্যবহার পরিবর্তন করে গেজেট করতে হবে।
- (৩) প্রস্তাবিত সাইটে বিদ্যমান জলাধার (Water Body) বিনষ্ট বা ভরাট না করে উহা সংরক্ষণ করতে হবে;
- (৪) উক্ত এলাকার পানির প্রবাহে কোনভাবেই যেন বাধা সৃষ্টি না হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৫) প্রস্তাবিত জমিতে অবস্থিত মসজিদ, মন্দির এর ক্ষেত্রে সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন, ২০১৭ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৬) রাজউক এর Landuse Plan আর.এস মৌজার উপরে প্রস্তুতকৃত বিধায় এই অনাপত্তি পত্রে ভূমি ব্যবহারজনিত জটিলতায় আর.এস ম্যাপই বিবেচ্য হবে।
- (৭) পরিবেশ অধিদপ্তর এর অনাপত্তি পত্র সংগ্রহ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তি

০১. মৌজা শিডিউল
০২. সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন
০৩. প্রস্তাবিত এলাকার Google Map
০৪. DAP এর প্রস্তাবিত ভূমি ব্যবহারের উপর প্রস্তাবিত এলাকা চিহ্নিত ম্যাপ।
০৫. রাজউক এর অনাপত্তিপত্র



২৩-৫-২০২১
আহমেদ আখতারুজ্জামান
সিনিয়র প্ল্যানার

প্রধান নির্বাহী কর্মকর্তা (রুটিন দায়িত্ব)
প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর
গাজীপুর সিটি কর্পোরেশন

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৩৬/১(৬)

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৮
২৩ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন
- ৫) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



২৩-৫-২০২১
মোঃ সাইফুর রহমান
প্ল্যানার